



শেখ হাসিনার বাংলাদেশ
পরিষ্কার পরিবেশ

প্রেস বিজ্ঞপ্তি

বায়ু দূষণের দায়ে মডার্ন স্টীল মিলস লিমিটেড এর বিরুদ্ধে ০৯ লক্ষ টাকা ক্ষতিপূরণ আরোপ:

গ্রহণযোগ্য মানমাত্রা বহির্ভূত বায়ু দূষক পরিবেশে নিঃসরণের দায়ে নগরের নাসিরাবাদ শিল্প এলাকায় অবস্থিত 'মডার্ন স্টীল মিলস লিমিটেড' নামক প্রতিষ্ঠানের বিরুদ্ধে ০৯ লক্ষ টাকা পরিবেশগত ক্ষতিপূরণ আরোপ করা হয়েছে। পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম গবেষণাগার কার্যালয়ের গত ২২.১১.২০২০ খ্রি: তারিখের নমুনা বিশ্লেষণী ফলাফল হতে দেখা যায় যে ১৬.১১.২০২০ খ্রি: তারিখ সংগৃহীত বায়ুর নমুনায় প্রতিষ্ঠানটির পূর্ব পাশে Suspended Particulate Matter (SPM) পাওয়া যায় $381 \mu\text{gm}/\text{M}^3$, পশ্চিম পাশে $762 \mu\text{gm}/\text{M}^3$, উত্তর পাশে $810 \mu\text{gm}/\text{M}^3$ এবং দক্ষিণ পাশে পাওয়া যায় $829 \mu\text{gm}/\text{M}^3$ যেখানে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৭ (সংশোধিত ২০০৫) অনুযায়ী SPM এর সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রা $200 \mu\text{gm}/\text{M}^3$ । অর্থাৎ কারখানার চারপাশেই বায়ুর গুণগতমান গ্রহণযোগ্য মানমাত্রার বাইরে পাওয়া যায়। এতে প্রতীয়মান হয় যে প্রতিষ্ঠানটিতে স্থাপিত Air Treatment Plant (ATP) ক্রটিপূর্ণভাবে পরিচালিত হচ্ছে। এ প্রেক্ষিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে শুনানীর নোটিশ প্রদান করা হয়। অদ্য ২০.১২.২০২০ খ্রি: তারিখ প্রতিষ্ঠানটির জি এম ও অন্যান্য কর্মকর্তাদের উপস্থিতিতে অনুরূপ শুনানীতে মানমাত্রা বহির্ভূত বায়ু দূষক পরিবেশে নির্গমনের দায়ে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ০৯ লক্ষ টাকা পরিবেশগত ক্ষতিপূরণ আরোপ করা হয় ও ৭ দিনের মধ্যে তা পরিশোধের জন্য নির্দেশ প্রদান করা হয়। এ ছাড়া Air Treatment Plant (ATP) আধুনিকায়নের জন্যও নির্দেশ প্রদান করা হয়।

বায়ু দূষণের দায়ে এন.জি.এস সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লি: এর বিরুদ্ধে ০৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ আদেশ:

গ্রহণযোগ্য মানমাত্রা বহির্ভূত বায়ু দূষক পরিবেশে নিঃসরণের দায়ে নগরের উত্তর পতেঙ্গায় অবস্থিত 'এন.জি.এস সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লি:' নামক সিমেন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে ০৪ লক্ষ টাকা পরিবেশগত ক্ষতিপূরণ আরোপ করা হয়েছে। পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম গবেষণাগার কার্যালয়ের গত ২৪.১১.২০২০ খ্রি: তারিখের নমুনা বিশ্লেষণী ফলাফল হতে দেখা যায় যে ১২.১১.২০২০ খ্রি: তারিখ সংগৃহীত বায়ুর নমুনায় প্রতিষ্ঠানটির পূর্ব পাশে Suspended Particulate Matter (SPM) পাওয়া যায় $289 \mu\text{gm}/\text{M}^3$, পশ্চিম পাশে $367 \mu\text{gm}/\text{M}^3$, উত্তর পাশে $378 \mu\text{gm}/\text{M}^3$



শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

এবং দক্ষিণ পাশে পাওয়া যায় $281 \mu\text{gm}/\text{M}^3$ যেখানে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৭১
(সংশোধিত ২০০৫) অনুমানী SPM এর সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রা $200 \mu\text{gm}/\text{M}^3$ । অর্থাৎ কারখানার
চারপাশেই বায়ুর ঔনগতমান গ্রহণযোগ্য মানমাত্রার বাইরে পাওয়া যায়। এতে প্রতীয়মান হয় যে
প্রতিষ্ঠানটির বায়ু দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথ নয়। এ প্রেক্ষিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে শুনানীর
নোটিশ প্রদান করা হয়। অদ্য ২০.১২.২০২০ খ্রি: তারিখ প্রতিষ্ঠানটির মহাব্যবস্থাপক ও অন্যান্য
কর্মকর্তার উপস্থিতিতে অনুষ্ঠিত শুনানীতে মানমাত্রা বহিভূত বায়ু দূষক পরিবেশে নির্গমনের
দায়ে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ০৪ লক্ষ টাকা পরিবেশগত ক্ষতিপূরণ আরোপ করা হয় ও ৭ দিনের
মধ্যে তা পরিশোধের জন্য নির্দেশ প্রদান করা হয়। এ ছাড়া বায়ু দূষণ নিয়ন্ত্রণে যথাযথ ব্যবস্থা
গ্রহণের জন্যও নির্দেশ প্রদান করা হয়।

স্বাক্ষরিত/-

২০.১২.২০২০ খ্রি:

(মোহাম্মদ নূরল্লাহ নূরী)

পরিচালক

পরিবেশ অধিদপ্তর, ঢাক্কাম মহানগর কার্যালয়